

(একই নম্বর ও তারিখে প্রতিস্থাপিত)

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পররাষ্ট্র মন্ত্রণালয়
লিগ্যাল অ্যাফেয়ার্স অনুবিভাগ
বিধি ও শৃঙ্খলা শাখা
সেগুনবাগিচা, ঢাকা

নং-১৯.০০.০০০০.৮৫৫.২৫.০০১.১৭-১১২

তারিখঃ ২৩ সেপ্টেম্বর ২০১৯

প্রাপকঃ প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা (পররাষ্ট্র বিষয়ক)
১ম ১২ তলা সরকারি অফিস ভবন
সেগুন বাগিচা, ঢাকা।

প্রেরকঃ তামান্না তাবাসসুম খান
সহকারী সচিব (বিধি ও শৃঙ্খলা)
পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

বিষয়ঃ বাংলাদেশ দূতাবাস, কুয়েতের কর্মচারী কর্তৃক প্রবাসী বাংলাদেশী কর্মীকে লাঞ্চিত করার ঘটনা তদন্ত অনুষ্ঠানের নিমিত্ত আগামী ২৯ অক্টোবর ২০১৯ থেকে ০৬ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত কুয়েত সফরের সরকারি প্রশাসনিক মঞ্জুরি প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

নিম্নস্বাক্ষরকারী আদিষ্ট হয়ে, বাংলাদেশ দূতাবাস, কুয়েতে উপরোল্লিখিত বিষয়ে তদন্ত অনুষ্ঠানের নিমিত্ত আগামী ২৯ অক্টোবর ২০১৯ থেকে ০৬ নভেম্বর ২০১৯ তারিখ পর্যন্ত নিম্নোক্ত কর্মকর্তাদ্বয়ের কুয়েত সফরের সরকারি প্রশাসনিক মঞ্জুরি জ্ঞাপন করছেঃ

ক) জনাব মোঃ জাহাঙ্গীর আলম, মহাপরিচালক (লিগ্যাল অ্যাফেয়ার্স)
খ) জনাব মোঃ শফিক উদ্দীন, সহকারী সচিব (বিধি ও শৃঙ্খলা)

০২। কমিটির কার্যপরিধিঃ

ক) ঘটনার পূর্বাপর বিশ্লেষণপূর্বক সাক্ষ্য প্রমানের ভিত্তিতে ঘটনার দায় দায়িত্ব নির্ধারণ।
খ) তদন্ত শেষে প্রয়োজনীয় সুপারিশসহ সাত কার্য দিবসের মধ্যে পররাষ্ট্র মন্ত্রণালয়ে প্রতিবেদন জমাদান।

০৩। এ প্রশাসনিক মঞ্জুরি নিম্নবর্ণিত শর্ত ও বিধি সাপেক্ষে প্রযোজ্য হবেঃ

ক) উক্ত কার্যক্রমে অংশগ্রহণকাল (ভ্রমণকাল, ট্রানজিট সহ) সরকারী কাজে কর্তব্যরত বলে গণ্য হবে এবং কর্মকর্তাগণ বেতন ভাতার কোন অংশ বৈদেশিক মুদ্রায় প্রাপ্য হবেন না;

খ) উক্ত কার্যক্রমে অংশগ্রহণের জন্য আগামী ২৯ অক্টোবর ২০১৯ বা তার নিকটবর্তী তারিখে কর্মকর্তাগণ ঢাকা ত্যাগ করবেন এবং ০৬ নভেম্বর ২০১৯ বা তার নিকটবর্তী তারিখে ঢাকায় প্রত্যাবর্তন করবেন।

গ) বর্ণিত কার্যক্রমে অংশগ্রহণের যাবতীয় ব্যয় এবং বিধি মোতাবেক প্রাপ্য অন্যান্য ভাতাদি পররাষ্ট্র মন্ত্রণালয়ের ২০১৯-২০ অর্থবছরের বাজেটের সংশ্লিষ্ট খাত থেকে নির্বাহ করা হবে।

০৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ মঞ্জুরিপত্র জারি করা হলো।

স্বাক্ষরিত।

(তামান্না তাবাসসুম খান)

সহকারী সচিব (বিধি ও শৃঙ্খলা)

ফোনঃ ৯৫১৪৮৪৪

ই-মেইল: asrnd@mofa.gov.bd

[অপর পৃষ্ঠা দৃষ্টব্য]


-২-

তারিখঃ ২৩ সেপ্টেম্বর ২০১৯

নং-১৯.০০.০০০০.৮৫৫.২৫.০০১.১৭-১১২

অনুলিপিঃ সদয় অবগতি/ কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। মান্যবর রাষ্ট্রদূত, বাংলাদেশ দূতাবাস, কুয়েত। (তদন্ত কমিটিকে সার্বিক সহযোগিতা প্রদানের অনুরোধসহ।)
- ২। জনাব মোঃ জাহাঙ্গীর আলম, মহাপরিচালক (লিগ্যাল অ্যাফেয়ার্স), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৩। পরিচালক (এফএমও/ এসএমও/ এফএসও/ সংস্থাপন/ অর্থ), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৪। পরিচালক, হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা।
- ৫। ভারপ্রাপ্ত কর্মকর্তা (ইমিগ্রেশন), হযরত শাহজালাল আন্তর্জাতিক বিমানবন্দর, ঢাকা। (বহিরাগমন সংক্রান্ত প্রয়োজনীয় সহযোগিতা প্রদানের অনুরোধসহ।)
- ৬। সিনিয়র সহকারী/ সহকারী সচিব (বাজেট/ তহবিল), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
- ৭। সহকারী সচিব, আইসিটি, পররাষ্ট্র মন্ত্রণালয়। (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।)
- ৮। জনাব শফিক উদ্দীন, সহকারী সচিব (বিধি ও শৃঙ্খলা), পররাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।

 28.10.19

(তামান্না তাবাসসুম খান)
সহকারী সচিব (বিধি ও শৃঙ্খলা)